



## ভর্তি

# মেডিকেল ভর্তির বিজ্ঞপ্তি প্রকাশ, নম্বর কাটাসহ আবেদনে নানা শর্ত

নিজস্ব প্রতিবেদক ঢাকা

আপডেট: ০৯ ডিসেম্বর ২০২৪, ১১: ১০

ছবি: সাবিনা ইয়াসমিন

বাংলাদেশ মেডিকেল অ্যান্ড ডেন্টাল কাউন্সিল (বিএমডিসি) প্রণীত মেডিকেল এবং ডেন্টাল কলেজ/ইউনিটে এমবিবিএস এবং বিডিএস কোর্সে শিক্ষার্থী ভর্তি নীতিমালা-২০২৫ আগেই প্রকাশ করেছে। এবার ২০২৪-২৫ শিক্ষাবর্ষে এমবিবিএস কোর্সে ভর্তির বিজ্ঞপ্তি প্রকাশ করেছে স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর। দেশের সরকারি ও বেসরকারি মেডিকেল কলেজে শিক্ষার্থী ভর্তির জন্য এ বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, দ্বিতীয়বারের জন্য দুই ভাবে নম্বর কাটার কথা বলা হয়েছে। এবারও পাস নম্বর ৪০। এ ছাড়া বিএমডিসি কর্তৃক প্রণীত নীতিমালার আলোকে নানা শর্তের কথাও উল্লেখ করা হয়েছে।

স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, আগামীকাল মঙ্গলবার (১০ ডিসেম্বর) থেকে এবারের ভর্তি পরীক্ষার আবেদন শুরু হবে। ভর্তি নীতিমালা-২০২৫ অনুযায়ী নির্ধারিত ছকে অনলাইনে [ওয়েবসাইটের](#) মাধ্যমে আবেদন করতে হবে। এর শর্তে উল্লেখ করা হয়েছে, লিখিত ভর্তি পরীক্ষা এইচএসসি পরীক্ষার সিলেবাস অনুযায়ী অনুষ্ঠিত হবে। লিখিত ভর্তি পরীক্ষায় ১০০টি প্রশ্নের প্রতিটি ১ নম্বর করে মোট নম্বর ১০০।

### লিখিত পরীক্ষার নম্বর বিভাজন কীভাবে-

বিষয় ভিত্তিক নম্বর বিভাজন থাকবে জীববিজ্ঞানে ৩০, রসায়নে ২৫, পদার্থবিজ্ঞানে ২০, ইংরেজিতে ১৫ এবং সাধারণ জ্ঞানে (বাংলাদেশ ও আন্তর্জাতিক বিষয়াবলি) ১০। পরীক্ষার সময় ১ (এক) ঘন্টা। লিখিত পরীক্ষায় প্রতিটি প্রশ্নের সঠিক উত্তরের জন্য ১ (এক) নম্বর প্রদান করা হবে। কোনো প্রশ্নের একাধিক উত্তর প্রদান করলে উত্তরটি ভুল বলে গণ্য হবে। প্রতিটি ভুল উত্তর প্রদানের জন্য ০.২৫ নম্বর কাটা হবে। লিখিত পরীক্ষায় ৪০ (চল্লিশ) নম্বরের কম প্রাপ্তরা দেশে ভর্তি ও বিদেশে এমবিবিএস/সমতুল্য কোর্সে ভর্তির অনুমতির জন্য অকৃতকার্য হিসাবে বিবেচিত হবেন। লিখিত পরীক্ষায় কৃতকার্য পরীক্ষার্থীদের মেধাক্রমসহ ফল প্রকাশ করা হবে।

### আবেদনের যোগ্যতা—

- এবার পূর্ববর্তী বছরের (২০২৩ সালে) এইচএসসি/‘এ’ লেভেল/সমমান পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থীদের ক্ষেত্রে সর্বমোট প্রাপ্ত নম্বর থেকে ৩ এবং পূর্ববর্তী বছরের (২০২৩-২৪ শিক্ষাবর্ষে) সরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিট এ ভর্তিকৃত শিক্ষার্থীদের ক্ষেত্রে সর্বমোট নম্বর থেকে ৬ নম্বর কেটে মেধা তালিকায় অবস্থান নির্ধারণ করা হবে।
- আবেদনকারীকে বাংলাদেশের নাগরিক হতে হবে। ২০২৪-২৫ শিক্ষাবর্ষে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীকে ২০২৩ সাল অথবা ২০২৪ সালে এইচএসসি/‘এ’ লেভেল/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। ২০২১ সালের পূর্বে এসএসসি/‘ও’ লেভেল/সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা আবেদন করতে পারবেন না। প্রার্থীকে এসএসসি/‘ও’ লেভেল/সমমান পরীক্ষায় বিজ্ঞান বিভাগে উত্তীর্ণ হতে হবে এবং এইচএসসি/‘এ’ লেভেল/সমমান পরীক্ষায় বিজ্ঞান বিভাগসহ অবশ্যই জীববিজ্ঞান, পদার্থবিজ্ঞান ও রসায়ন থাকতে হবে।

প্রথম আলো ফাইল ছবি

- এসএসসি/‘ও’ লেভেল/সমমান এবং এইচএসসি/‘এ’ লেভেল/সমমান দুটি পরীক্ষায় মোট জিপিএ কমপক্ষে ৯ হতে হবে। উপজাতীয় ও পার্বত্য জেলার অ-উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে এসএসসি/‘ও’ লেভেল/সমমান এবং এইচএসসি/‘এ’ লেভেল/সমমান পরীক্ষা দুটিতে মোট জিপিএ কমপক্ষে ৮ হতে হবে। তবে এককভাবে কোনো পরীক্ষায় জিপিএ ৩ দশমিক ৫০ এর কম হলে আবেদনের যোগ্য বলে বিবেচিত হবেন না।
- সব আবেদনকারী প্রার্থীর জন্য এইচএসসি/‘এ’ লেভেল/সমমান পরীক্ষায় জীববিজ্ঞানে ন্যূনতম গ্রেড পয়েন্ট ৪ না থাকলে আবেদনের যোগ্য বলে বিবেচিত হবেন না। এসএসসি/‘ও’ লেভেল/সমমান ও এইচএসসি/‘এ’ লেভেল/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ মোট ১০০ নম্বর হিসেবে নির্ধারণ করে নিম্নলিখিতভাবে মূল্যায়ণ করা হবে।  
সেক্ষেত্রে এসএসসি/‘ও’ লেভেল/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এর ১০ গুন হিসেবে সর্বোচ্চ ৫০ এবং এইচএসসি/‘এ’ লেভেল/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এর ১০ গুন হিসেবে সর্বোচ্চ ৫০ নম্বর থাকবে।

প্রতীকী ছবি

---

### পরীক্ষার আবেদন ফি—

ভর্তি পরীক্ষার ফি ১০০০ টাকা। ভর্তি পরীক্ষার ফি শুধু প্রি-পেইড টেলিটকের মাধ্যমে জমা দিতে হবে।

### আবেদনের গুরুত্বপূর্ণ তারিখ—

অনলাইনে আবেদন শুরু: ১০ ডিসেম্বর (মঙ্গলবার) সকাল ১০টা থেকে

আবেদনের শেষ: ২৭ ডিসেম্বর (শুক্রবার) রাত ১১টা ৫৯ মিনিট

২৮ ডিসেম্বর (শনিবার) রাত ১১টা ৫৯ মিনিট পর্যন্ত অনলাইনে আবেদনের ফি জমাদান করা যাবে

প্রবেশপত্র ডাউনলোড পূর্বক রস্টিন প্রিন্ট করার তারিখ ১২ থেকে ১৪ জানুয়ারি (মঙ্গলবার) ২০২৫ সাল

ভর্তি পরীক্ষা ১৭ জানুয়ারি (শুক্রবার) সকাল ১০টা হতে ১১টা পর্যন্ত অনুষ্ঠিত হবে।

### মুক্তিযোদ্ধাদের নাতি-নাতনির কোটা বাতিল—

দেশের মেডিকেল ও ডেন্টাল কলেজগুলোতে ২০২৪-২৫ শিক্ষাবর্ষে মুক্তিযোদ্ধাদের নাতি- নাতনির কোটা বাতিল করা হয়েছে। এতে শুধু মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধা এবং বীরোদ্ভব সন্তানদের জন্য ৫ শতাংশ আসন সংরক্ষণের কথা বলা হয়েছে। এ কোটার অধীনে আসন শূন্য থাকলে সাধারণ মেধা কোটা থেকে মেধাক্রম অনুযায়ী শিক্ষার্থী ভর্তির মাধ্যমে এই কোটার আসন পূরণ করার শর্ত দেওয়া আছে। এর আগে ২০২৪ সালের ভর্তি সংক্রান্ত নীতিমালায় মুক্তিযোদ্ধার সন্তান এবং সন্তানের সন্তানাদির জন্য ২ শতাংশ কোটা বরাদ্দ ছিল।

নীতিমালায় বলা হয়, সদ্য এইচএসসি পরীক্ষায় উত্তীর্ণদের এসএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ'র ১০ গুণের সঙ্গে এইচএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ'র ১০ গুণ এবং ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের যোগফলের ভিত্তিতে মেধা তালিকা তৈরি করা হবে। তবে আগের বছরের এইচএসসি/সমমান পরীক্ষায় পাশ প্রার্থীদের ক্ষেত্রে সর্বমোট প্রাপ্ত নম্বর থেকে ৩ নম্বর এবং পূর্ববর্তী বছরের সরকারি মেডিক্যাল কলেজ/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট- এ ভর্তিকৃত প্রার্থীদের ক্ষেত্রে সর্বমোট নম্বর থেকে ৬ নম্বর কেটে মেধা তালিকায় অবস্থান নির্ধারণ করা হবে।

এমবিবিএস ভর্তির জন্য অনলাইনে ফরম পূরণের নিয়মাবলী ও ভর্তি সংক্রান্ত বিস্তারিত সব তথ্য স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের [ওয়েবসাইট](#), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের [ওয়েবসাইট](#), স্বাস্থ্য অধিদপ্তরের [ওয়েবসাইট](#) ও টেলিটক বাংলাদেশের [ওয়েবসাইট](#) হতে জানা যাবে।

- স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের বিস্তারিত [বিজ্ঞপ্তি দেখুন এখানে](#)।
- বিএমডিসির ভর্তি নীতিমালাটি দেখতে এখানে [ক্লিক](#) করুন।

